# মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.

## কোরাইশ মুন্সী বাজার শাখা, ফেনী।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি:

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. কোরাইশ মুন্সী বাজার শাখা, ফেনী এর খেলাপী ঋণগ্রহীতা গোবিন্দপুর মৎস্য খামার, যার স্বত্বাধিকারী জনাব মোহাম্মাদ হানিফ গ্রাম: গোবিন্দপুর, ডাকঘর: হাজীর বাজার-৩৯০০, থানাঃ ফেনী সদর, জেলাঃ ফেনী এর নিকট ১৩.০৭.২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ১,৫৪,৪৪,২০২.৫৯ (এক কোটি চুয়ান্ন লক্ষ চুয়াল্লিশ হাজার দুইশত দুই টাকা উনষাট পয়সা) মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে ১) মোহাম্মাদ হানিফ পিতা- মুলকুতের রহমান, মাতা- নুরজাহান বেগম, গ্রামঃ গোবিন্দপুর, ডাকঘর: হাজীর বাজার-৩৯০০, থানাঃ ফেনী সদর, জেলাঃ ফেনী, কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আমমোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**দরপত্রের শর্তাবলী:**

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ১৩.০৮.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, কোরাইশ মুন্সী বাজার শাখা, ফেনী এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৬. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৭. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

**বন্ধকীকৃত সম্পত্তির তফসিল:**

জেলা- ফেনী, থানা- ফেনী সদর, সাব-রেজিষ্ট্রী অফিস- ফেনী সদর, ফেনী, মৌজা- উত্তর গোবিন্দপুর, জে.এল নং সি.এস-১২৩; বিএস- ৮৮, সি.এস খতিয়ান নং- ২১০,৪০০, এসএ খতিয়ান- ৪০১,৮০৮,১৩৪৫ সিএস ও এসএ দাগ নং-৩১৬২,৩১৯২,৩১৯৩,৩২৬২ বিএস ডিপি খতিয়ান নং-১৮২৯, বিএস দাগ নং-৫২৪০, মিউটেশন খতিয়ান নং- ২৭১০, ১৪৮২, ১৪৮৩, ১৪৮৪, যার স্বত্বাধিকারী মোহাম্মদ হানিফ এবং মোঃ শাহাদাত হোসেন। মোট জমির পরিমাণ ৩১.৫০+২৫.০০+৩৫.০০+৪৩.০০ = ১৩৪.৫০ শতক।

**চৌহদ্দিঃ** ৩১.৫০ শতক ভূমি-সিএস দাগ নং-৩১৬২: উত্তরে-মুকুর মেম্বার সড়ক, দক্ষিণে-নিজ, পূর্বে-আবু তাহের গং এবং পশ্চিমে-নিজ। ২৫.০০ শতক ভূমি-সিএস দাগ নং-৩১৯২: উত্তরে-নিজ, দক্ষিণে-কালু ভূঁইয়া, পূর্বে-নিজ এবং পশ্চিমে-কালা মিয়া। ৩৫.০০ শতক ভূমি-সিএস দাগ নং-৩১৯৩: উত্তরে-নিজ, দক্ষিণে-নিজ, পূর্বে-সিরাজুল হক এবং পশ্চিমে-নিজ। ৪৩.০০ শতক ভূমি-সিএস দাগ নং-৩২৬২: উত্তরে-নিজ, দক্ষিণে-নিজ, পূর্বে-আহমেদ করিম এবং পশ্চিমে-তোফাজ্জল মেম্বার।

**পক্ষেঃ এফএভিপি এবং শাখাপ্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. কোরাইশ মুন্সী বাজার শাখা, ফেনী। ফোন নং-০১৭৮৭-৬৮১২৫২**

PD- (8"x2)